চুয়াডাঙ্গার ভুলটিয়া গ্রামে জলাবদ্ধতা, ২০০০ একর জমি অনাবাদী থাকার আশংকা

চুয়াডাঙ্গার সদর উপজেলার ভুলটিয়া গ্রাম সংলগ্ন কেটের মাঠে দেখা দিয়েছে জলাবদ্ধতা। গত একমাস ধরে অতিবৃষ্টির কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে। পুরো দুই হাজার একর জমি পানির নিচে। এতে বিপাকে পড়েছেন পাশের তিনটি গ্রামের কৃষকরা। জলাবদ্ধতার কারণে তারা চাষাবাদ করতে পারছেন না।

স্থানীয়রা জানায়, সদর উপজেলার ভুলটিয়া, জীবনা ও দশমী গ্রামের কৃষকরা চাষ করেন কেটের মাঠে। পুরো মাঠজুড়ে পানি থৈ থৈ অবস্থা। এখন আমন মৌসুম চলছে। এখন চাষ করতে না পারলে বড় ধরণের ক্ষতি হয়ে যাবে তিন গ্রামের কৃষকদের।

কৃষকরা জানান, এই মাঠে এমন জলাবদ্ধতা গত ৩০ বছরে দেখা যায়নি। এবার অতিরিক্ত বৃষ্টি হয়েছে। তাছাড়া মাঠের মাঝখানে পুরোনো এক খালে বাঁধ দিয়ে মাছ চাষ করা হচ্ছে। ওই বাধের কারণে মাঠ থেকে পানি সরতে পারছে না। কোনোদিকে পানি বের হওয়ার কোনো পথ খোলা না থাকায় এ জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে।

ভুলটিয়া গ্রামের সাবেক ইউপি মেম্বর মহাসিন আলী জানান, সদর উপজেলার ভুলটিয়াসহ তিনটি গ্রামের কৃষকরা এই মাঠের ওপর নির্ভরশীল। তারা বছরে তিন বার এই মাঠে চাষাবাদ করে থাকেন। এ বার চাষাবাদের প্রস্তুতিও ছিল কৃষকদের। ধানের পাতো তৈরি করাও হয়েছিল। জলাবদ্ধতার কারণে সব দিক দিয়েই ক্ষতি হওয়ার আশংকা দেখা দিয়েছে।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আলী হাসান বলেন, বিষয়টি তার জানা আছে। এ বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগের চেষ্টা চলছে। সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলোকে অবহিত করা হবে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সাদিকুর রহমান বলেন, ইতিমধ্যেই এলাকাবাসীর মাধ্যমে তিনি বিষয়টি অবগত হয়েছেন। পরবর্তিতে স্থানীয় ভূমি অফিসকে পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। তিনি বলেন, আশা করা হচ্ছে দ্রুতই সমস্যার

শরীয়তপুরে বিপদসীমার ৪১ সেন্টিমিটার উপরে পদ্মার পানি

শরীয়তপুরে বিপদসীমার ৪১ সেন্টিমিটার ওপর দিয়ে পদ্মার পানি প্রবাহিত হচ্ছে। গত ২৪ ঘণ্টায় ১৫ সেন্টিমিটার পানি বৃদ্ধি পেয়েছে। আজ বুধবার সকালের দিকে সুরেশ্বর পয়েন্টে জোয়ারের সময় বিপদসীমার ৪১ সেন্টিমিটার ওপর দিয়ে পানি প্রবাহিত হচ্ছিল।

এদিকে, শরীয়তপুরে পদ্মা নদীর প্রবল স্রোতে নদীর তলদেশ থেকে জিওব্যাগ ও সিসি ব্লক সরে যাওয়ায় ভাঙনের সৃষ্টি হয়ে হয়েছে। এতে সুরেশ্বর দরবার শরীফ রক্ষা বাঁধের প্রায় ৫৫ মিটার পদ্মায় বিলীন হয়ে গেছে। ফলে নতুন করে বাড়িঘর হারানোর ভয়ে দিন কাটছে স্থানীয় লোকজনের।

তবে ভাঙনরোধে ওই স্থানে সিসি ব্লক ও জিওব্যাগ ডাম্পিং করছে শরীয়তপুর পানি উন্নয়ন বোর্ড। পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে, ভাঙন স্থানে শুকনো মৌসুমে বাঁধ নির্মাণে স্থায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

অপর দিকে গত দুই দিন ধরে পদ্মার পানি আবারও বাড়তে শুরু করায় শরীয়তপুরের ৪টি উপজেলার প্রায় ৩ লাখ পানিবন্দী মানুষের মধ্যেও আতঙ্ক বিরাজ করছে। পদ্মা নদীর সুরেশ্বর পয়েন্টে গত ২৪ ঘন্টায় ১৫ সেন্টিমিটার পানি বৃদ্ধি পেয়ে আজ সকালে জোয়ারের সময় বিপদসীমার ৪১ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছিল।

শরীয়তপুর পানি উন্নয়ন বোর্ড ও স্থানীয় সূত্রে জানা গেছে, সুরেশ্বর দরবার শরীফ ও আশেপাশে ভাঙন দেখা দিলে পানি উন্নয়ন বোর্ড ২০০৭ ও ২০১২ সালে ৩টি প্যাকেজে ২৩ কোটি ৫০ লাখ টাকা ব্যয়ে ৮৫০ মিটার বাঁধ নির্মাণ করেন।

শরীয়তপুর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী এসএম আহসান

হাবিব বলেন, পদ্মা নদীর প্রবল স্রোতে নদীর তলদেশ থেকে জিওব্যাগ ও সিসি ব্লক সরে যাওয়ায় সুরেশ্বর দরবার শরীফ বাঁধের ৫৫ মিটার পদ্মাগর্ভে বিলীন হয়ে গেছে। ভাঙনরোধে ইতোমধ্যে প্রায় ৩৬ হাজার জিওব্যাগ ও সাড়ে ৩ হাজার সিসি ব্লক ডাম্পিং করা হয়েছে। ডাম্পিং কাজ চলমান রয়েছে। শুকনো মৌসুমে স্থায়ী বাঁধ নির্মাণে কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

সূত্র- বিডি প্রতিদিন

৯টা-৫টা অফিস করতে হবে সকল সরকারি কর্মকর্তাকে

করোনা মহামারীর মধ্যে লকডাউন তুলে ৭৫ শতাংশ কর্মকর্তা- কর্মচারীকে বাড়ি বসে কাজ করার সুযোগ দেওয়া হলেও সেই নিয়ম তুলে দিয়েছে সরকার। সরকারি সকল কর্মকর্তা-কর্মচারীকে আগের মতো সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত অফিস করতে হবে বলে মন্ত্রণালয়গুলোকে নির্দেশনা দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ।

আজ বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম গণমাধ্যমকে জানিয়েছেন, এ বিষয়ে তারা আগেই নির্দেশনা দিয়েছেন। ওই নির্দেশনা পেয়ে অনেক মন্ত্রণালয় ইতোমধ্যে তা মৌখিকভাবে কর্মকর্তা-কর্মচারীদের জানিয়ে দিয়েছে।

সব কর্মকর্তা-কর্মচারীকে অফিস করতে বলা হলেও বয়স্ক, অসুস্থ ও সন্তান সম্ভবাদের আগের মতোই অফিসে যেতে নিষেধ করা হয়েছে।

জনপ্রশাসন সচিব শেখ ইউসুফ হারুন বলেন, সব কর্মকর্তাকে সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত অফিস করতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে মৌখিকভাবে নির্দেশনা দেওয়া হয়েছে। আমরা ইতোমধ্যে আমাদের মন্ত্রণালয়ের সব কর্মকর্তাকে সেই নির্দেশনা মৌখিকভাবে জানিয়ে দিয়েছি। সকল অফিসারদের অফিসে থাকতে বলেছি।

তিনি বলেন, এখন অফিসারদের প্রতি নির্দেশ হলো সকল অফিসার ৯টা-৫টা

অফিস করবেন। ৫টার পরেও যদি অফিসারদের থাকতে হয়, থাকবেন। তবে বৃদ্ধ, গর্ভবতী নারী ও অসুস্থদের বেলায় এটি প্রযোজ্য নয় বলেও জানান তিনি।

সূত্র- কালের কন্ঠ

স্বাস্থ্যের সাবেক ডিজি আবুল কালামকে দুদকে তলব

করোনাভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় মাস্ক ও পারসোনাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট (পিপিই) কেলেঙ্কারি ও রিজেন্ট হাসপাতালের অনিয়ম অনুসন্ধানে স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক আবুল কালাম আজাদকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

আগামী ১২ ও ১৩ আগস্ট তাকে দুদকের প্রধান কার্যালয়ে হাজির হতে বলা হয়েছে। আজ বৃহস্পতিবার (৬ আগস্ট) দুদকের পরিচালক (জনসংযোগ) প্রণব কুমার ভট্টাচার্য্য এই তথ্য নিশ্চিত করেছেন।

চিঠিতে বলা হয়েছে, আগামী ১২ আগস্ট মাস্ক ও পিপিই’র বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য এবং ১৩ আগস্ট রিজেন্ট হাসপাতাল কেলেঙ্কারির অভিযোগে হাজির হতে বলা হয়েছে।
এর আগে সমালোচনার মুখে আবুল কালাম আজাদ গত ২১ জুলাই জনপ্রশাসন মন্ত্রণালয়ে পদত্যাগপত্র জমা দেন। প্রক্রিয়া শেষে ২২ জুলাই তাঁর পদত্যাগপত্র গ্রহণ করা হয়।

পরের দিন ২৩ জুলাই স্বাস্থ্য অধিদপ্তরের নতুন মহাপরিচালক (ডিজি) হিসেবে নিয়োগ পেয়েছেন ঢাকা মেডিকেল কলেজের সার্জারি বিভাগের অধ্যাপক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশীদ আলম।

সূত্র- বিডি প্রতিদিন

আত্মসমর্পণের পর পুলিশি হেফাজতে ওসি প্রদীপ

টেকনাফ মেরিন ড্রাইভে পুলিশের গুলিতে অবসরপ্রাপ্ত মেজর সিনহার মৃত্যুর ঘটনায় টেকনাফ থানার ওসি প্রদীপ কুমার দাসকে হেফাজতে নিয়েছে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি)। বর্তমানে বিশেষ নিরাপত্তায় তাকে কক্সবাজার নেওয়া হচ্ছে। চট্টগ্রাম অতিরিক্ত পুলিশ কমিশনার (অর্থ ও প্রশাসন) আমেনা বেগম বিষয়টি নিশ্চিত করেছেন।

আজ বৃহস্পতিবার চট্টগ্রাম থেকে প্রদীপ কুমারকে পুলিশ হেফাজতে নেয়া হয় বলে জানিয়েছেন চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) কমিশনার মো. মাহাবুবর রহমান। তিনি বলেন, ওসি প্রদীপ কুমার চট্টগ্রামের দামপাড়ায় অবস্থিত সিএমপি’র হাসাপাতালে চিকিৎসা নিতে এসেছিলেন। সেখান থেকে তাকে হেফাজতে নেয়া হয়। এখন তাকে বিশেষ নিরাপত্তায় কক্সবাজার আদালতে পাঠানো হচ্ছে। সেখানে তিনি আত্মসমর্পণ করবেন। তবে এখন তাকে সিএমপির হাতে আটক বা গ্রেফতার বলা যাবে না।

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) অতিরিক্ত কমিশনার (অপরাধ ও অভিযান) শ্যামল কুমার নাথ জানিয়েছেন, প্রদীপ কুমার চিকিৎসাধীন ছিলেন। তিনি সিএমপিকে ফোন করে আত্মসমর্পণের ইচ্ছা প্রকাশ করলে সিএমপি তাকে বিশেষ ব্যবস্থায় কক্সবাজারে পাঠানোর ব্যবস্থা করে।
এর আগে গতকাল বুধবার (৫ আগস্ট) রাতে প্রদীপ কুমারসহ এ মামলার আসামিদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে আদালত। অবরসরপ্রাপ্ত মেজর সিনহার বোন শারমিন শাহরিয়ারের দায়ের করা মামলায় আদালত এ পরোয়ানা জারি করে।

মামলায় বাহারছড়া পুলিশ তদন্ত কেন্দ্রের ইন্সপেক্টর লিয়াকতকে প্রধান আসামি ও টেকনাফ থানার প্রত্যাহারকৃত ওসি প্রদীপ কুমার দাসকে দ্বিতীয় আসামি করা হয়। এছাড়া মামলার অন্য আসামিরা হলেন বাহারছড়া তদন্ত কেন্দ্রের উপপরিদর্শক (এসআই) নন্দ দুলাল রক্ষিত,

কনস্টেবল সাফানুর করিম, কামাল হোসেন, আব্দুল্লাহ আল মামুন, সহকারী উপপরিদর্শক (এএসআই) লিটন মিয়া, সহকারী উপপরিদর্শক (এএসআই) টুটুল ও কনস্টেবল মোহাম্মদ মোস্তফা।

সূত্র- বিডি-প্রতিদিন

আড়াইহাজারে আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষে নিহত ১, আহত ১৫

নারায়ণগঞ্জের আড়াইহাজারে বৃহম্পতিবার ভোর সাড়ে ৫টার দিকে আওয়ামী লীগের স্থানীয় দুই গ্রুপের সংঘর্ষের ঘটনায় আনোয়ার হোসেন (৪৭) নামে এক কৃষক নিহত হয়েছেন। তিনি উপজেলার কাদিরদিয়া পূর্বপাড়া এলাকার মৃত আবেদ আলীর ছেলে। একই ঘটনায় আহত হয়েছেন নারীসহ অন্তত ১৫ জন।

আহতদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন সেবা কেন্দ্রে ভর্তি করা হয়েছে। উচিতপুরা ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের সাধারণ সদস্য হানিফ ও ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জাফর গ্রুপের সঙ্গে সংঘর্ষের এই ঘটনা ঘটে।

নিহতের বড় ভাই আলী হোসেন জানান, ৫নং ওয়ার্ডের মেম্বার হানিফের সঙ্গে তার ভাই ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জাফরের সঙ্গে রাজনৈতিক বিরোধ রয়েছে। এরই জেরে ৫ আগস্ট সন্ধ্যায় হানিফ মেম্বার তার দলবল নিয়ে তাদের বাড়িতে হামলা চালায়। এসময় বসত ঘর ভাংচুর ও লুটপাট করা হয়েছে। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি শান্ত করেন।ভোর সাড়ে ৫টার দিকে ফের হামলা চালানো হয়। এসময় বাড়ির লোকজন বাইরে ছিল।

তিনি আরও বলেন, আমার ভাই আনোয়ারকে বাড়িতে একা পেয়ে বেধড়ক পেটানো হয়। পরে তাকে আশঙ্কা জনক অবস্থায় উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। এক পর্যায়ে তার মৃত্যু হয়।

তিনি পেশায় কৃষক ছিলেন। তার দুই ছেলে ও এক মেয়ে রয়েছে।

তবে এ ব্যাপারে অভিযুক্ত হানিফ মেম্বারের মন্তব্য পাওয়া যায়নি। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কত্যর্বরত ডাক্তার সারফুল আনোয়ার হোসেনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, মাথায় আঘাত জনিত কারণে তার মৃত্যু হয়েছে। আড়াইহাজার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, খবর পাওয়ার পর ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরিস্থিতি আপাতত শান্ত রয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন

মেডিকেল টেকনোলজিস্ট নিয়োগ না দিতে আইনি নোটিশ

নিয়োগ প্রক্রিয়া অনুসরণ করা ছাড়া মেডিকেল টেকনোলজিস্ট পদে নিয়োগ না দিতে স্বাস্থ্য সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে আইনি নোটিশ দেওয়া হয়েছে। গতকাল বুধবার তিনজন আবেদনকারীর পক্ষে সুপ্রিম কোর্টের আইনজীবী শেখ হাসান আলী এই নোটিশ পাঠান।

মেডিকেল টেকনোলজিস্ট পদে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করার পর প্রক্রিয়া চলমান থাকা অবস্থায় এই প্রক্রিয়ার বাইরে স্বেচ্ছাসেবক নামধারী মেডিকেল টেকনোলজিস্টদের নিয়োগ দেওয়ার উদ্যোগ নেওয়ায় ছয়জনকে লিগ্যাল নোটিশ দিয়েছেন সুপ্রিম কোর্টের এই আইনজীবী।

বিশেষ বিবেচনায় ১৮৩ মেডিকেল টেকনোলজিস্টকে সরাসরি স্থায়ী নিয়োগ দেওয়ার পর নতুন করে ৮৮৯ পদে নিয়োগের জন্য স্বাস্থ্য অধিদপ্তর গত ২৯ জুন নিয়োগ বিজ্ঞপ্তি জারি করে। সেই মোতাবেক ২০ জুলাই চাকরিপ্রার্থীদের আবেদনের শেষ তারিখ নির্ধারিত ছিল।

এই প্রক্রিয়াকে পাশ কাটিয়ে নিয়োগ বিধি-বহির্ভূতভাবে স্বেচ্ছাসেবক নামধারী মেডিকেল টেকনোলজিস্টদের সরাসরি স্থায়ী

নিয়োগের তৎপরতা চালাচ্ছে স্বাস্থ্য অধিদপ্তর।

সূত্র- বিডি-প্রতিদিন

গবেষকদের নতুন দাবি, কানের দুলে সারতে পারে মাইগ্রেন!

কানের লতিতেই শুধু দুল ঝুলবে, এমনটা কে বলেছে! কানের আগা, গোড়া, ভেতরের নরম হাড়ে ফুটো করে নানা রকম গয়নায় সাজাতে ভালবাসে অনেকেই। কানের বাহারি স্টাইলই ডিজিটাল সময়ের ট্রেন্ড। তবে কান বিঁধিয়ে দুল পরার রেওয়াজ শুধু নারীদের একচেটিয়া নয়, বহু যুগ থেকে বিভিন্ন দেশের পুরুষরাও কান বিঁধিয়ে বাহারি দুল পরছেন। এখনকার ছেলেরা অনেকেই কানে ‘পিয়ারসিং’ করাচ্ছেন। খবর দ্য ওয়ালের।

বিশেষজ্ঞরা দাবি করছেন, এই কান ফোটানো শুধু স্টাইল স্টেটমেন্ট নয়, এর কিছু উপকারিতাও আছে। কানের একটা নির্দিষ্ট জায়গায় পিয়ারসিং করালে মাইগ্রেনের ব্যথা কমতে পারে।

ঠিক কোথায় করতে হবে সেই পিয়ারসিং? গবেষকদের দাবি, কানের তো তিনটে অংশ বহিঃকর্ণ, মধ্যকর্ণ ও অন্তঃকর্ণ, পিয়ারসিং করাতে হবে বহিঃকর্ণে। এখন কানের বাইরে দিকটাতে অনেকগুলো ভাঁজ আছে। একেবারে মাথার দিকে নরম অস্থি বা তরুণাস্থি দিয়ে তৈরি যে অংশ তাকে বলে হেলিক্স। এই হেলিক্সের দুটো ভাগ, অ্যান্টিহেলিক্স অর্থাৎ পিনা বা কর্ণছত্রের ঠিক ভেতরের ভাঁজ এবং আরও একটা অংশ আছে যেটা ইয়ার চ্যানেলের ঠিক উপরে।

কানের যে অংশটা সোজা ভেতরে চলে যাচ্ছে তার ঠিক মাথার উপরে। তরুণাস্থি দিয়ে তৈরি হেলিক্স যাকে বলা হয় ক্রাক্স অব হেলিক্স। এই অংশ মস্তিষ্কে গিয়ে মিশেছে। গবেষকরা বলছেন, ঠিক এখানেই যদি ফুটো করা যায় তাহলে মাথাব্যথা কমে যাওয়ার একটা বন্দোবস্ত হতে পারে। একে বলে ডাথ পিয়ারসিং। যদিও গবেষকদের এই দাবির যথাযোগ্য প্রমাণ নেই, তবে কিছু ক্ষেত্রে মাইগ্রেনের রোগীদের উপরে এর প্রয়োগ করে উপকার মিলেছে বলেই দাবি।

বসুন্ধরা কিংসে ব্রাজিলের ফুটবলার রবিনহো

ব্রাজিলের বিখ্যাত ক্লাব ফ্লুমিনেন্স থেকে রবসন আজেভেদো দা সিলভা রবিনহোকে দলে ভিড়িয়েছে বসুন্ধরা কিংস। ২৫ বছর বয়সী উইঙ্গার পুরো মৌসুমের জন্য ধারে আসছেন দেশের ফুটবলের নতুন চ্যাম্পিয়নদের ঘরে। গ্রীষ্মকালীন দলবদলের বাজারে এটিই দলটির প্রথম চুক্তি। গতকাল বুধবার বসুন্ধরা কিংসের ফেসবুক পেজে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

কোস্টারিকান ফরোয়ার্ড দানিয়েল কলিনদ্রেস বিদায় নেওয়ার পর থেকেই তার পজিশনে একজন বিকল্প খুঁজছিল বসুন্ধরা কিংস। এর আগে অবশ্য আর্জেন্টাইন ফরোয়ার্ড হার্নান বার্কোসকে দলে ভিড়িয়েছিল ঘরোয়া ফুটবলের নতুন জায়ান্টরা। এবার পাঁচবারের বিশ্বকাপজয়ী দেশের ফুটবলারকে দেখা যাবে তার জুটি হিসেবে।

মূলত রাইট উইঙ্গার বা সেন্ট্রাল অ্যাটাকিং মিডফিল্ডার হিসেবে খেলা রবিনহোর মূল শক্তি গতি আর দূরদর্শিতা। বিশেষ করে বক্সের বাইরে থেকে দূরপাল্লার শটে গোল করার সামর্থ্য তাকে অন্যদের চেয়ে আলাদা করেছে। এছাড়া উইংয়ের চেয়ে অ্যাটাকিং থার্ডে কাট করে ভেতরে ঢুকে পড়তে পারেন এই ডান পায়ের খেলোয়াড়।

এদিকে বসুন্ধরা কিংসকে দেওয়া এক সাক্ষাৎকারে রবিনহো বলেন, ‘হ্যালো বাংলাদেশ। সদ্যই বসুন্ধরা কিংসের সঙ্গে আমার চুক্তি স্বাক্ষরিত হলো এবং আমি এখন মাঠে পারফর্ম করতে মুখিয়ে আছি। আমি আমার শক্তি ও সামর্থ্যের পুরোটা দিয়ে মাঠে নিজের সেরাটা দেওয়ার চেষ্টা করব। আমি নিশ্চিত আপনারা সবাই আমার পারফরম্যান্স উপভোগ করবেন। ’

২০১৭ সালে ব্রাজিলের ঐতিহ্যবাহী ক্লাব ফ্লুমিনেন্সে যোগ দেন রবিনহো। ওই মৌসুমে ক্লাব ছেড়ে ইংলিশ প্রিমিয়ার লিগে পাড়ি জমান

ব্রাজিলিয়ান স্ট্রাইকার রিচার্লিসন। দু’জনের খেলার ধরনে মিল থাকায় ২ মিলিয়ন ইউরোতে রবিনহোকে দলে নেয় ফ্লুমিনেন্স। এরপর বেশ কয়েকটি ক্লাবে ধারে খেলেন তিনি। আগামী বছর ফ্লুমিনেন্সের সঙ্গে রবিনহোর চুক্তির মেয়াদ শেষ হবে। এরপর তাকে স্থায়ীভাবে রেখে দেওয়ার সুযোগ থাকছে বসুন্ধরা কিংসের সামনে।

গত মৌসুমে ফ্লুমিনেন্স থেকে ধারে সাও পাওলো শীর্ষ লিগের ক্লাব আগুয়া সান্তার হয়ে খেলেছেন রবিনহো। সেখান থেকে বসুন্ধরা কিংসে আসছেন তিনি। আগামী মাসে ঢাকায় পা রাখবেন সাম্বার দেশের ফুটবলার। এরপর আগামী অক্টোবরে এএফসি কাপ দিয়ে শুরু হবে তার প্রথম পরীক্ষা। এখন পর্যন্ত চারজন বিদেশি ফুটবলারের মধ্যে আর্জেন্টাইন বার্কোস ও ব্রাজিলের রবিনহোর খেলা চূড়ান্ত। বাকি দু’জনের ব্যাপারে এখনও চূড়ান্ত কোনো সিদ্ধান্ত জানা যায়নি।

সূত্র- বিডি-প্রতিদিন

মেজর সিনহা হত্যা: প্রদীপ, লিয়াকতসহ ৯ পুলিশ সদস্যের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খান হত্যার ঘটনায় টেকনাফ মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) প্রদীপ কুমার দাশ ও টেকনাফ বাহারছড়া তদন্ত কেন্দ্রের আইসি পুলিশ পরিদর্শক মো. লিয়াকতসহ ৯ পুলিশ সদস্যের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত।

সিনহার বড় বোন শারমিন শাহরিয়া ফেরদৌসের কক্সবাজার আদালতে বুধবার একটি হত্যা মামলা দায়ের করেন। ওই মামলায় অভিযুক্ত ৯ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন।

এ ঘটনায় নয় পুলিশ সদস্যসহ ১৭ জনকে প্রত্যাহার করেছে কর্তৃপক্ষ।

গত ৩১ জুলাই রাত সাড়ে ৯টার দিকে কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ

সড়কের বাহারছড়া পুলিশ তদন্ত কেন্দ্রে সিনহা নিহত হওয়ার সময় ওই আসামিরা উপস্থিত ছিলেন।

আদালতের বিচারক তামান্না ফারাহ মামলাটি আমলে নিয়ে সেটি টেকনাফ থানায় নিয়মিত মামলা হিসেবে রেকর্ড করতে নির্দেশ দেন। সেই সঙ্গে তিনি হত্যা মামলাটি তদন্তের জন্য কক্সবাজারের র্যাব-১৫-কে দায়িত্ব দিয়ে আগামী সাত দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলেছেন।

মামলার এজাহারে সিনহার বড় বোন শারমিন শাহরিয়ার ফেরদৌস অভিযোগ করেন, টেকনাফ থানার ওসি প্রদীপ কুমার দাসের নির্দেশে পুলিশ পরিদর্শক লিয়াকত আলী তার ভাইকে গুলি করে হত্যা করেন। বাদী উল্লেখ করেন যে ঘটনার কিছুক্ষণ পর ওসি প্রদীপ কুমার দাস ঘটনাস্থলে আসেন। তিনি এসেই তখনও জীবিত থাকা সিনহাকে উদ্দেশ করে অকথ্য ভাষায় গালাগাল করেন এবং তার শরীরে লাথি মারেন। মৃত্যু নিশ্চিত হলে একটি গাড়িতে তুলে সিনহাকে কক্সবাজার জেলা সদর হাসপাতালের উদ্দেশে পাঠানো হয়।

মামলার অন্য আসামিরা হলেন বাহারছড়া তদন্ত কেন্দ্রের উপপরিদর্শক (এসআই) নন্দ দুলাল রক্ষিত, কনস্টেবল সাফানুর করিম, কামাল হোসেন, আব্দুল্লাহ আল মামুন, সহকারী উপপরিদর্শক (এএসআই) লিটন মিয়া, সহকারী উপপরিদর্শক (এএসআই) টুটুল ও কনস্টেবল মোহাম্মদ মোস্তফা।

সূত্র- বিডি প্রতিদিন